

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১২.১৬/ ৭৪৯

তারিখঃ ২৪.১০/২০১৬ইং।

প্রতি : বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়
খুলনা।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা এর উচ্চমান সহকারী জনাব মোঃ নুরুল আলম রাড়ী চাকুরীরত অবস্থায় গত ০৫/০৫/২০১৬ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী মোসাঃ সিতারা বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। মৃত্যু কর্মচারীর সর্বশেষ মাসিক মূলবেতন ১৭,১০০/- টাকা। মৃত কর্মচারীর মোট চাকুরীকাল ২১ বছর ০৭ মাস ০৫ দিন। যা ২২ বছর অপেক্ষা ০২ মাস ২৫ দিন কম হওয়ায় অর্থ বিভাগের স্মারক নং-এফ/আইইউ-১২/৬৬/৯৩ তারিখ ০২/০৯/১৯৬৬ এর ৭(৩) অনুচ্ছেদ মোতাবেক মৃত কর্মচারীর চাকুরীকাল ২২ বছর হিসাব করে এবং চাকুরী সন্তোষজনক হওয়ায় পেনশনের হার ৭৯% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১৩,৫০৯/- টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১৩,৫০৯÷২)=৬,৭৫৪/৫০ টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থেকে প্রাপ্য আনুতোষিক (৬,৭৫৪/৫০×২৩০/-) = ১৫,৫৩,৫৩৫/- (পনের লক্ষ তেপান্ন হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা প্রাপ্য।

উক্ত কর্মচারীর নিকট গৃহ নির্মাণ অগ্রিমের সুদ বাবদ পাওনা ২৭,৫৫৩/- (সাতাশ হাজার পাঁচশত তেপান্ন) টাকা। উক্ত আনুতোষিক হতে সরকারী পাওনা কর্তন করে (১৫,৫৩,৫৩৫-২৭,৫৫৩/-)= ১৫,২৫,৯৮২/- (পনের লক্ষ পঁচিশ হাজার নয়শত বিরাশি) টাকা মাত্র এককালীন আনুতোষিক এবং ০৫/০৫/২০১৬ইং তারিখ হতে মাসিক নীট ৬,৭৫৪/৫০ (ছয় হাজার সাতশত চুয়ান্ন টাকা পঞ্চাশ পয়সা) হারে পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হলো।

৩। মরহুমের বিধবা স্ত্রী মোসাঃ সিতারা বেগম এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৪ কপি
গ)	মৃত্যুর সনদ (ইউনিয়ন পরিষদ কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	১ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	১ কপি
জ)	না-দাবী সনদপত্র	১ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১২.১৬/ ৭৪৯ (৫)

তারিখঃ ২৪.১০/২০১৬ইং।

- অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-
- ১। অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা। এ তার ০২/১০/২০১৬ইং তারিখের ১৬১৩ নং স্মারকের বরাতে করা হল।
 - ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
 - ৩। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
 - ৪। মোসাঃ সিতারা বেগম, স্বামী-মৃত মোঃ নুরুল আলম রাড়ী, প্রাক্তন উচ্চমান সহকারী, খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা। বর্তমান ঠিকানাঃ গ্রাম-ছোট কৈবত খালী, পোঃ কৈবত খালী-৪৮১০, থানা-রাজাপুর, জেলা-ঝালকাঠি।
 - ৫। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-৩
ফোন-০২-৮১৮১২২৫

Amir